DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 20 Nov 2026, 05:08 PM

জাতীয়

# রোববার গঠিত হচ্ছে পোশাকশ্রমিকদের ন্যূনতম মজুরি বোর্ড

শ্রম ও কর্মসংস্থানমন্ত্রী

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: শনিবার, ৩১ অক্টোবর ২০২৬, ০৮:৫০ AM



শ্রম ও কর্মসংস্থানমন্ত্রী আরিফুল হক চৌধুরী | সংগৃহীত ছবি

পোশাকশ্রমিকদের ন্যূনতম মজুরি নির্ধারণে নতুন মজুরি বোর্ড গঠনের সিদ্ধান্ত নিয়েছে সরকার। আগামী রোববার (১ নভেম্বর) এ বোর্ড গঠনের কার্যক্রম শুরু হবে বলে জানিয়েছেন শ্রম ও কর্মসংস্থানমন্ত্রী আরিফুল হক চৌধুরী।

শুক্রবার (৩০ অক্টোবর) রাতে গার্মেন্টস শ্রমিকনেতাদের সঙ্গে বৈঠক শেষে আয়োজিত সংবাদ সম্মেলনে এ কথা জানান তিনি।

শ্রমমন্ত্রী বলেন, শ্রমিকনেতাদের সঙ্গে তাঁদের আলোচনা ফলপ্রসূ হয়েছে। আলোচনার ভিত্তিতে রোববার সকাল থেকে ন্যূনতম মজুরি বোর্ড গঠনের প্রক্রিয়া শুরু করা হবে।

শ্রমিকদের বিভিন্ন দাবির বিষয়ে আরিফুল হক চৌধুরী বলেন, শ্রমিকনেতারা যেসব বিষয় তুলে ধরেছেন, সেগুলো নিয়ে সরকারের করণীয় রয়েছে। তাঁদের সঙ্গে আলোচনা করেই ধাপে ধাপে শ্রমিকদের ন্যায্য দাবিগুলো বাস্তবায়নের উদ্যোগ নেওয়া হবে।

তিনি বলেন, শিল্পকারখানার সুরক্ষা নিশ্চিত করার পাশাপাশি শ্রমিকদের ন্যায্য অধিকারও প্রতিষ্ঠা করতে হবে। এ ক্ষেত্রে সরকার উভয় বিষয়কে গুরুত্ব দিচ্ছে।

প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বাধীন বিএনপি সরকার দায়িত্ব গ্রহণের পর বিভিন্ন পর্যায়ে শ্রমিকদের ন্যায্য দাবি পূরণে কাজ করেছে বলেও উল্লেখ করেন মন্ত্রী।

তিনি আশা প্রকাশ করেন, রোববার থেকে মজুরি বোর্ড গঠনের কার্যক্রম শুরু হলে শ্রমিকদের প্রত্যাশা পূরণের ক্ষেত্রে অগ্রগতি হবে। আলোচনার মাধ্যমে তাঁদের কাঙ্ক্ষিত দাবিগুলো বাস্তবায়নে সরকার প্রয়োজনীয় পদক্ষেপ নেবে।

---

## এ বিভাগের আরও খবর




**আওয়ামী লীগের স্বভাব আগুন দেওয়া, মানুষ পুড়িয়ে মারা: স্বরাষ্ট্রমন্ত্রী**

 সীমান্তের ওপার থেকে উসকানি দেওয়া হচ্ছে উল্লেখ করে সেই উসকানিতে পা না দিতে গোপালগঞ্জবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালা...



**১ ডিসেম্বর থেকেই কার্যকর হচ্ছে পোশাকশ্রমিকদের বাড়তি মজুরি: বোর্ড চেয়ারম্যান**

পোশাকশ্রমিকদের নিম্নতম মজুরি কার্যকরের তারিখ নিয়ে কোনো পরিবর্তন হচ্ছে না। মজুরি ঘোষণার সময় পেছালেও আগামী ১ ডিসেম্বর থেকেই বর্ধিত বেতন পাবেন...




**এনআইডি সংশোধনের নামে প্রতারণা, সতর্ক করল নির্বাচন কমিশন**

জাতীয় পরিচয়পত্র (এনআইডি) সংশোধন করে দেওয়ার কথা বলে সামাজিক যোগাযোগমাধ্যমে প্রতারণার মাধ্যমে সাধারণ মানুষের কাছ থেকে টাকা আদায় করছে একটি চক্র...




**ষড়যন্ত্র ও নাশকতা ঠেকাতে প্রশাসনকে কঠোর হওয়ার নির্দেশ প্রধানমন্ত্রীর**

দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা এবং সম্ভাব্য নাশকতা ও অস্থিতিশীলতা মোকাবিলায় সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও প্রশাসনকে কঠোর অবস্থান নেওয়ার...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/national/robbar-gthit-hchchhe-poshakshrmikder-njuntm-mjuri-bord